গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অতিরিক্ত প্রধান প্রকৌশলী** ,সওজ ,সড়ক জোন, সিলেট

এবং

**প্রধান প্রকৌশলী,** সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০২২ – জুন ৩০, ২০২৩**

# সূচিপত্র


| |
|---|
| সিলেট সড়ক জোনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র |
| সেকশন ১: সিলেট সড়ক জোনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কার্যসম্পাদনের ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি |
| সেকশন ২: সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমানক |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে কর্মসম্পাদন সুচকসমূহ |

# সিলেট সড়ক জোনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Sylhet Zone)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সিলেট জোন, সিলেটের বিগত ৩ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের আওতায় ৭.৫০ কি:মি: নতুন সড়ক নির্মাণ, ৬৮৫.৪৬ কি:মি: সার্ফেসিং, ২৬৪.৭৬ কি:মি: মজবুতিকরণ, ৪১.০০ কি:মি: পুন: নির্মাণ, ১০.৪০ কি:মি: প্রশস্তকরণ ও মজবুতিকরণ, ৪৪.৮০ কি:মি: প্রশস্তকরণ, ১১৩৯.৩৮ মিটার সেতু নির্মাণ, ৫০৮.০০ মিটার কালভার্ট নির্মাণ, ৭৩.০০ কি:মি: রিজিড পেভমেন্ট নির্মাণ ও ৮৪০০ মিটার রক্ষাপদ কাজ করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

ক্ষেত্রবিশেষে দেশীয় নির্মাতা প্রতিষ্ঠানের দক্ষতা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার ঘাটতি প্রকল্প কাজের গুণগত ও প্রত্যাশিত মান বজায় রাখার ক্ষেত্রে প্রতিবন্ধক হিসেবে কাজ করে। পারিপার্শ্বিক কারণে ওভারলোড নিয়ন্ত্রণ করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। মহাসড়ক অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে পরিকল্পিত সময়সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়ন ও গুনগত মান বজায় রাখা এবং সড়ক অবকাঠামোর প্রত্যাশিত স্থায়ীত্ব অর্জন একটি বড় চ্যালেঞ্জ। অত্র অঞ্চলে দীর্ঘস্থায়ী বর্ষা মৌসুম ও অতিরিক্ত বৃষ্টিপাত, ভূমি অধিগ্রহণে স্থানীয় পর্যায়ের মামলা, মোকদ্দমা এবং অধিকাংশ অঞ্চল হাওড় বেষ্টিত নিচু এলাকা হওয়ায় নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত লক্ষ্য অর্জন করা সম্ভব হয় না। এছাড়া বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারী তথা জনবলের স্বল্পতার কারণে দাপ্তরিক কর্মকান্ডের গতি আশানুরুপ হওয়া চ্যালেঞ্জিং।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

সিলেট-চারখাই-শেওলা-সুতারকান্দি সড়ক ও ওসমানী বিমানবন্দর সড়কের লাক্কাতুরা হতে বিমানবন্দর অংশ ৪-লেনে উন্নীতকরণ, মৌলভীবাজার-রাজনগর-ফেঞ্চুগঞ্জ-সিলেট সড়ক (এন-২০৮) এবং কোম্পানীগঞ্জ-ছাতক সড়কে উন্নয়নের জন্য বর্তমানে ডিপিপি প্রস্তুত প্রক্রিয়াধীন রয়েছে। আগামীতে (১) মৌলভীবাজার শহর বাইপাস সড়ক, (২) কুলাউড়া শহর বাইপাস সড়ক (৩) শ্রীমঙ্গল শহর বাইপাস সড়ক (৪) জুড়ী-(ফ্রীবডন)-কুলাউড়া (গাজীপুর) (জেড-২৮২৪) জেলা মহসড়কটি যথাযথ মান প্রশস্থতায় উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে। তাছাড়া মনু নদীর উপর ২য় মনু সেতু এবং সম্প্রতি এলজিইড হতে হস্থান্তরিত মৌলভীবাজার (রাজনগর)-বালাগঞ্জ সড়কে কুশিয়ারা নদীর উপর ০১ (এক)টি সেতু নির্মাণের পরিকল্পনা রয়েছে। আগামী পাঁচ বছরের মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন সকল শ্রেণীর মহাসড়ক ৮৫ শতাংশ গুড টু ফেয়ার (Good to Fair condition) অবস্থায় উন্নীতকরণের যে পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে- এর সাথে সামঞ্জস্য রেখে অত্র দপ্তর সড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের পরিকল্পনা গ্রহণ করেছে। জাতীয় মহাসড়কের উন্নয়ন এবং প্রতিবেশী দেশসমূহের সাথে আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিদ্যমান দুই লেন সড়ককে ন্যূনতম চার লেনে উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে । হবিগঞ্জ জেলা সদরের সাথে আজমিরীগঞ্জ উপজেলার সড়ক যোগাযোগ স্থাপিত হয়েছে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত মদনপুর-দিরাই-শাল্লা-আজমিরীগঞ্জ-হবিগঞ্জ সড়কের শাল্লা-জলসুখা অংশ নির্মাণ প্রকল্পের আওতায় অচিরেই সুনামগঞ্জের এর সাথে হবিগঞ্জের সরাসরি যোগাযোগ স্থাপিত হবে। এছাড়াও পর্যায়ক্রমে অত্র সার্কেলাধীন সকল ঝুঁকিপূর্ণ বেইলী সেতুসমূহ কংক্রিট সেতু দ্বারা প্রতিস্থাপনের পরিকল্পনা রয়েছে। এছাড়াও আঞ্চলিক মহাসড়কগুলোকে পর্যায়ক্রমে যথাযথমানে উন্নীতকরণসহ বিভিন্ন ইন্টারসেকশন, বাজার, লেভেল ক্রসিংসহ গুরুত্বপূর্ণ অংশসমূহে রিজিড পেভমেন্ট ও প্রয়োজনীয় ড্রেনেজ ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা অত্র দপ্তরের রয়েছে। দপ্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা আছে। আগামী ১০ বছরের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দূর্ঘটনার হার ৩০% হ্রাস করার লক্ষ্যে বিভিন্ন ব্ল্যাকস্পট অপসারণের পরিকল্পনা অত্র দপ্তরের আছে।
এছাড়াও সুষ্ঠু, নিরাপদ ও নিরবিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে ইতিমধ্যেই অনুমোদিত ''সুনামগঞ্জ-মদনপুর-

দিরাই-শাল্লা-জলসুখা-আজমিরিগঞ্জ-হবিগঞ্জ মহাসড়কের শাল্লা-জলসুখা সড়কাংশ নির্মাণ প্রকল্পের কাজ চলমান আছে এবং দিরাই-শাল্লা সড়কাংশে নির্মানের প্রকল্প প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। তাছাড়াও পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন, অত্র সড়ক বিভাগের অধীন জেলা সড়ক সমূহের প্রশস্থতা বৃদ্ধিসহ সড়ক উন্নয়ন, দেয়ারাবাজার সুরমানদীর উপর সেতু নির্মান, বিভিন্ন সড়কে বিদ্যমান বেইলী এবং জরাজীর্ণ সেতুর স্থলে নতুন সেতু নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রস্তুত প্রক্রিয়াধীন আছে।আগামী ১০ (দশ) বৎসরের মধ্যে সুনামগঞ্জের যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধিত হবে এবং জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন হবে।

## চূড়ান্ত ফলাফল:

যাত্রীদের যাতায়াত ও পণ্য পরিবহনের সময় প্রায় ৪০% কম হবে।

## ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১৫.০০ কি:মি: পুন:নির্মাণ
- ২৩.০০ কি:মি: মজবুতীকরণ;
- ১.০০ কি:মি: সড়ক প্রশস্থকরণ ;
- ১৫০.০০ কি:মি: সার্ফেসিং;
- ৬.০০ কি:মি: রিজিড পেভমেন্ট;
- ৩৩৩.০০ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ
- ২১০.০০ মিটার সেতু ও কালভার্ট পুণ:নির্মাণ
- ১৪১৫ টি সাইন সিগন্যাল স্থাপন;
- ৯৬.০০ কি:মি: -রোড মার্কিং;
- ২.০০ কি:মি: -রোড সেফটি অডিটকৃত মহাসড়কে আন্ত:বাঁকে দৃষ্টি প্রতিবন্ধকতা সৃষ্টিকারী স্থাপনা/ বৃক্ষ অপসারণ
- ৩ টি মুজিব বর্ষে জনহিতকর কাজ;

# সেকশন ১:

সড়ক জোন, সিলেট এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

## ১.১ রূপকল্প: (Vision)

আধুনিক, প্রযুক্তিনির্ভর এবং টেকসই মহাসড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা ।

## ১.২ অভিলক্ষ্য; (Mission);

মহাসড়ক মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে একটি নিরাপদ, ব্যয়সাশ্রয়ী, মানসম্মত, এবং পরিবেশবান্ধব সড়ক নেটওয়ার্ক গড়ে তোলা।

## ১.৩ কার্যসম্পাদনের ক্ষেত্র:

### ১.৩.১ সড়ক জোন, সিলেট এর কার্যসম্পাদনের ক্ষেত্রসমূহ:

| | | |
|---|---|---|
| ১. | মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ; | ২৫ |
| ২. | নিরাপদ সড়ক অবকাঠামো নিশ্চিতকরণ | ২৫ |
| ৩. | মুজিববর্ষ সংক্রান্ত কাজের টার্গেটসমূহ | ২০ |
| | **মোট** | ৭০ |

### ১.৩.২ আবশ্যিক কার্যসম্পাদনের ক্ষেত্রসমূহ:

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

## ১.৪ কার্যাবলি (Functions):

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহের টেকসই উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. নিরাপদ সড়ক নিশ্চিত করা;

# সেকশন ২

## সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল / প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | একক (Unit) | ২০২০-২১ | ২০২১-২২ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| সিলেট-সালুটিকর-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ মহাসড়কে পরিবহন/ভ্রমণ সময় গড়ে ১ ঘন্টা ২০ মিনিট হ্রাসকরণ | সিলেট-সালুটিকর-কোম্পানীগঞ্জ-ভোলাগঞ্জ মহাসড়কে পরিবহন/ভ্রমণ সময় | ঘন্টা | ০.৬৬ | ০.৬৬ | ০.৬৬ | ০.৬৬ | ০.৬৬ | বাংলাদেশ পুলিশ, পরিবহন মালিক সমিতি | সড়ক ও জনপথ অধিদপ্তর এর HDM Report |

# সেকশন-৩

## কর্মসম্পাদন পরিকল্পনা ২০২২-২০২৩

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গননা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২০২১ | প্রকৃত অর্জন ২০২১-২০২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ | | | | | | | | | | | | | | | |
| ১.মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ | ২৫ | [১.১] পুনঃনির্মিত মহাসড়ক | [১.১.১] পুনঃনির্মিত মহাসড়ক | | কিলোমিটার | ৩ | ৭ | ১০.০০ | ১৫.০০ | ১৩.৫০ | ১২.০০ | ১০.৫০ | ৯.০০ | | |
| | | [১.২] মহাসড়ক মজবুতিকরণ | [১.২.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | | কিলোমিটার | ৩ | ৮০.৫৬ | ২০.০০ | ২৩.০০ | ২০.৭০ | ১৮.৪০ | | ১৩.৮০ | | |
| | | [১.৩] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৩.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | | কিলোমিটার | ১ | ২০ | ১.০০ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ০.৬০ | | |
| | | [১.৪] মহাসড়ক সার্ফেসিং | [১.৪.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | | কিলোমিটার | ৭ | ২৪৮.৪৬ | ১১৫.০০ | ১৫০.০০ | ১৩৫.০০ | ১২০.০০ | ১০৫.০০ | ৯০.০০ | | |
| | | [১.৫] মহাসড়কে রিজিড পেভমেন্ট নির্মাণ | [১.৫.১] রিজিড পেভমেন্টকৃত মহাসড়ক | | কিলোমিটার | ১ | ৩ | ১.৫০ | ৬.০০ | ৫.৪০ | ৪.৮০ | ৪.২০ | ৩.৬০ | | |
| | | [১.৬ ] সেতু ও কালভার্ট নির্মাণ/ পুনঃনির্মাণ | [১.৬.১] নির্মিত সেতু ও কালভার্ট | | মিটার | ৫ | ৯৬২ | ৮৮০.০০ | ৩৩৩.০০ | ২৯৯.৭০ | ২৬৬.৪০ | ২৩৩.১০ | ১৯৯.৮০ | | |
| | | | [১.৬.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | | মিটার | ৫ | ৫১৭ | ১৩৯.০০ | ২১০.০০ | ১৮৯.০০ | ১৬৮.০০ | ১৪৭.০০ | ১২৬.০০ | | |

# কর্মসম্পাদন পরিকল্পনা ২০২২-২০২৩

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গননা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২০২১ | প্রকৃত অর্জন ২০২১-২০২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ২. নিরাপদ সড়ক অবকাঠামো নিশ্চিতকরণ | ২৫ | [২.১] ব্ল্যাক স্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ। | [২.১.১] (ক) ইনফরমেটরি ও রেগুলেটরি সাইন-সিগন্যাল ও কিঃমিঃ পোস্ট স্থাপন | | সংখ্যা | ১৫ | ৭২৪ | ১২০০ | ১৪১৫ | ১২৭৪ | ১১৩২ | ৯৯১ | ৮৪৯ | | |
| | | | [২.১.২] (খ) রোড মার্কিংকৃত মহাসড়ক | | কিলোমিটার | ৮ | ২৫৯ | ১১১.০০ | ৯৬.০০ | ৮৬.৪০ | ৭৬.৮০ | ৬৭.২০ | ৫৭.৬০ | | |
| | | | [২.১.৩ ] রোড সেফটি অডিটকৃত মহাসড়কের আন্তঃবাঁকে দৃষ্টি প্রতিবন্ধক স্থাপনা / বৃক্ষ অপসারণ | | কিলোমিটার | ২ | ৩৪ | ৩৮.২৫ | ২.০০ | ১.৮০ | ১.৬০ | ১.৪০ | ১.২০ | | |
| ৩. মুজিববর্ষ সংক্রান্ত কাজের টার্গেটসমূহ | ২০.০০ | [৩.১] মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে স্মরন যোগ্য জনহিতকর ও সচেতনতামুলক বিভিন্ন কার্যক্রম গৃহীত | [৩.১.১] স্মরন যোগ্য জনহিতকর ও সচেতনতামুলক বিভিন্ন গৃহীত কার্যক্রম | | সংখ্যা | ২০ | ৫ | ২.০০ | ৩ | ৩ | ২ | ২ | ১ | | |

# কর্মসম্পাদন পরিকল্পনা ২০২২-২০২৩

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গননা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২০২১ | প্রকৃত অর্জন ২০২১-২০২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |

| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | | | | ৩ | | | | | | | | | |

আমি, **মোঃ ফজলে রব্বে,** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন, সিলেট হিসেবে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি , **এ.কে.এম. মনির হোসেন পাঠান,** প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা হিসেবে অতিরিক্ত প্রধান প্রকৌশলী ,সওজ ,সড়ক জোন ,সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| --------------------------------------- | ২৬।৬।২২<br>---------------------------- |
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী ,সওজ<br>সড়ক জোন, সিলেট। | তারিখ |
| 26।06।2022<br>--------------------------------------- | 26।06।2022<br>-------------------------------- |
| প্রধান প্রকৌশলী<br>সড়ক ও জনপথ অধিদপ্তর<br>সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| এডিপি: | অ্যানুয়াল ডেভলাপমেন্ট প্রোগ্রাম |
| পিএমপি: | পিরিয়ডিক মেইনটেন্যান্স প্রোগ্রাম |
| কি:মি: | কিলোমিটার |

# সংযোজনী -২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমানক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১ পুনঃনির্মিত মহাসড়ক | [১.১.১] পুনঃনির্মিত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্টের স্থলে পেভমেন্ট পুন:নির্মাণ। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ১.২ মহাসড়ক মজবুতিকরণ | ১.২.১ মজবুতিকরণকৃত মহাসড়ক | সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্থ ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ১.৩ মহাসড়ক প্রশস্তকরণ | ১.৩.১ প্রশস্তকরণকৃত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট প্রশস্তকরণ। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ১.৪ মহাসড়ক সার্ফেসিং | ১.৪.১ সার্ফেসিংকৃত মহাসড়ক / উন্নয়ন | পেভমেন্ট এর বিটুমিনাস অংশ সংস্কার ও পুনঃনির্মাণ করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ১.৫ মহাসড়কে রিজিড পেভমেন্ট নির্মাণ | ১.৫.১ রিজিড পেভমেন্টকৃত মহাসড়ক | পেভমেন্ট এর বিটুমিনাস অংশ রিজিড পেভমেন্টে রূপান্তর করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ১.৬ সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ | ১.৬.১ নির্মিত সেতু ও কালভার্ট | মহাসড়কে প্রয়োজন অনুযায়ী নতুন করে সেতু ও কালভার্ট নির্মাণ। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ২.১ ব্ল্যাকস্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ। | ২.১.১ (ক) ইনফরমেটরি ও রেগুলেটরি সাইন-সিগন্যাল ও কিঃমিঃ পোস্ট স্থাপন | সড়ক নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে সাইন-সিগন্যাল স্থাপনা করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| | ২.১.২ (খ) রোড মার্কিংকৃত মহাসড়ক | সড়ক নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে রোড মার্কিং কাজ করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| | ২.১.৩ মহাসড়কের আন্তঃবাঁকে দৃষ্টি প্রতিবন্ধক স্থাপনা / বৃক্ষ অপসারণ | দৃষ্টি প্রতিবন্ধক স্থাপনা অপসারণ করা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |
| ৩.১ মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে স্মরন যোগ্য জনহিতকর ও সচেতনতামুলক বিভিন্ন কার্যক্রম গৃহীত | ৩.১ স্মরন যোগ্য জনহিতকর ও সচেতনতামুলক বিভিন্ন গৃহীত কার্যক্রম | জনহিতকর ও সচেতনতামুলক বিভিন্ন গৃহীত কার্যক্রম পরিচালনা। | সড়ক সার্কেল, সিলেট/মৌলভীবাজার। | সরেজমিন পরিদর্শন এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন | |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| সিলেট জোনের আওতায় বিভিন্ন সড়ক নির্মাণ প্রকল্প | ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের জন্য অর্থ প্রদান | জেলা প্রশাসন | সংশ্লিষ্ট অফিসের সহযোগিতায় সুষ্ঠুভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ। |
| সিলেট জোনের আওতায় বিভিন্ন সড়ক পার্শ্বে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদ | সরকারি ভূমি রক্ষার্থে অবৈধ দখলদার ও স্থাপনা উচ্ছেদ | জেলা প্রশাসন ও বাংলাদেশ পুলিশ | সংশ্লিষ্ট অফিসের সহযোগিতায় অবৈধ স্থাপনা উচ্ছেদ ও দখলমুক্ত করণ। |